

22

দৈনিক ইত্তেফাক

তারিখ 14 JAN 1996

পৃষ্ঠা 7. বঙ্গ 2

স্কুলে ভর্তি পরীক্ষা

আসন ১৭ শত
৫০ ॥ পরীক্ষার্থী
১৪ সহস্রাধিক

ইত্তেফাক রিপোর্ট ॥ রাজধানীর সরকারী স্কুলসমূহের ভর্তি পরীক্ষার দ্বিতীয় দিনে গতকাল (শনিবার) আরও ৮টি স্কুলে পরীক্ষা অনুষ্ঠিত হয়। স্কুলগুলির প্রভাতী ও দিবা শাখার ১৭ শত

৫০টি আসনের জন্য ১৪ সহস্রাধিক ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নেয়। অধিকাংশ স্কুলে সকাল ৯টা হইতে সাড়ে ১০টা এবং বেলা ১১টা হইতে ১২টা (১১শ পৃ: ২-এর ক: দ্র:)

স্কুলে ভর্তি পরীক্ষা

(১ম পৃ: পর)

পর্যন্ত দুই শিফটে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। উহার মধ্যে কয়েকটি স্কুলে প্রথম ও ষষ্ঠ শ্রেণীতে ভর্তি করা হইবে।

গতঃ ল্যাবরেটরী স্কুলের দিবা ও প্রভাতীর ২৫০টি আসনের জন্য সর্বাধিক প্রায় ১৭ শত ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নেয়। এই স্কুলে ১টি আসনের জন্য ৭ জনকে প্রতিশ্রুতি করা হইতে হয়। মতিঝিল বালিকা উচ্চ বিদ্যালয়ের দুই শতাধিক আসনের জন্য পরীক্ষা দেয় প্রায় ১২ শত ছাত্র-ছাত্রী। ধানমন্ডি সরকারী বালক বিদ্যালয়ের দুইশত আসনের জন্য ১১ শত ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নেয়। এছাড়া ঢাকা কলেজিয়েট স্কুল, মতিঝিল সরকারী বালক বিদ্যালয়, কামরুন্নেছা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, টিকাটলি, তেজগাঁও সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় এবং ধানমন্ডি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়েও অনুরূপ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এই স্কুলগুলির ফলাফল প্রকাশিত হইবে ১৬ই জানুয়ারী।

গতকাল ভর্তি পরীক্ষা চলাকালে পরীক্ষা কেন্দ্রের বাহিরে বিপুল সংখ্যক অভিভাবকের ভিড় হয়। সন্তানরা সোনার হরিণ তুল্য একটি আসনে ভর্তির সুযোগ পাইবে কী না, উহা লইয়া অভিভাবকদের মধ্যে ছিন্-প্রচণ্ড উদ্বেগ আর উৎকণ্ঠ।

এদিকে মনিপুর উচ্চ বিদ্যালয়ে ভর্তি পরীক্ষাকে কেন্দ্র করিয়া অপ্রীতিকর পরিস্থিতির সৃষ্টি হয়। নতুন শিক্ষাবর্ষে ভর্তির জন্য বিদ্যালয় কর্তৃপক্ষ তৃতীয় হইতে

নবম এবং ষষ্ঠ হইতে সপ্তম এই চার শ্রেণীর ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষার তারিখ যথাক্রমে ১০ ও ১১ই জানুয়ারী বিজ্ঞপ্তির মাধ্যমে নির্ধারণ করে। কিন্তু পরবর্তীতে কর্তৃপক্ষ ভর্তি পরীক্ষা ১৩ ও ১৪ই জানুয়ারীতে নিয়া যায়। উক্ত নির্ধারিত দিনে প্রায় দুই হাজার ছাত্র-ছাত্রী অভিভাবকরা পরীক্ষার জন্য বিদ্যালয়ে আসিয়া বিজ্ঞপ্তি দেখিতে পান যে, ১৯ ও ২০শে জানুয়ারী পরীক্ষা পিছান হইয়াছে। উহাতে ভিত্তিচুক এবং অভিভাবকগণ ক্রুদ্ধ হইয়া উঠেন। স্কুলে ঐ সময় কোন শিক্ষককে পাওয়া যায় নাই। জানা গিয়াছে, শিক্ষকদের আভ্যন্তরীণ কোন্দলের কারণে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইতেছে না। গতকাল বিদ্যালয়ের অভিভাবক ফোরাম এক বিজ্ঞপ্তিতে বলিয়াছে, বিদ্যালয়ের শিক্ষকরা বাড়ীতে কোচিং সেন্টার খুলিয়াছে। ভর্তি পিছাইলে তাহাদের আয় বাড়িবে এই কারণে পরীক্ষা নিতেছে না। আগামীতে ভর্তি পরীক্ষা হইবে কিনা উহাও অনিশ্চিত।

ভর্তি পরীক্ষা আজ শেষ

সরকারী ২৪টি স্কুলের মধ্যে আজ (রবিবার) শেষদিনে আরও ৮টি স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। সকাল ৯টা হইতেই ভর্তি পরীক্ষা শুরু হইবে। স্কুলগুলি হইতেছে: নবাবপুর হাইস্কুল, নারিন্দা হাইস্কুল, ঢাকা মুসলিম হাইস্কুল, ইসলামিয়া হাইস্কুল, গণভবন উচ্চ বিদ্যালয়, কামরুন্নেছা গার্লস স্কুল, ধানমন্ডি, বাংলা-রাজার গার্লস স্কুল ও নিউ গভ: হাইস্কুল।